# বেনাপোল পৌরসভা
## বেনাপোল, যশোর।

স্মারক নং-বেনা/পৌর/প্রকৌ/০০১/২০২৬-১২৫ তাং- ১৫/০৭/২০২৬ইং।

**"২০২৬-২০২৭ অর্থবছরে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স প্রদান বিজ্ঞপ্তি"**

এতদ্বারা বেনাপোল পৌরসভার তালিকাভুক্ত সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহকে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী নির্ধারিত ফি জমা প্রদানের মাধ্যমে ঠিকাদারী লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স প্রদান করা হবে। উল্লেখ্য যে, নতুন লাইসেন্সের জন্য বেনাপোল পৌরসভার নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক আবেদন করতে হবে।

| ক্রঃ নং | নতুন লাইসেন্স এর তালিকাভুক্তি ফি | নবায়ন ফি এর পরিমাণ | তালিকাভুক্তি/নবায়নের সর্বশেষ তারিখ ও সময় |
|---|---|---|---|
| ০১ | ৫,০০০/- | ২,০০০/- | তারিখঃ ১৬/০৮/২০২৬ খ্রিঃ<br>সময়ঃ বিকাল-৪.০০ ঘটিকা |

**"শর্তাবলী"**

১. লাইসেন্স নবায়নের সময় হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি ও হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
২. আবেদন গ্রহণের শেষ তারিখ ১৬/০৮/২০২৬। উক্ত সময়ের পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।
৩. নতুন লাইসেন্স আবেদনের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
ক) কর নিবন্ধন (টিআইএন) সনদের সত্যায়িত কপি।
খ) মূল্য সংযোজন কর (ভ্যাট) নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
গ) ২০২৬-২০২৭ অর্থ বছরের হালনাগাদ (৩০/০৬/২০২৭ সাল পর্যন্ত) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
ঘ) স্থানীয় সরকার প্রতিষ্ঠান হতে বাংলাদেশের নাগরিকত্ব সনদের মূলকপি।
ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি প্রদত্ত।
চ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
ছ) গত ১০ বছরের সম্পাদিত কাজের কার্য সমাপ্তির সনদ (বছর অনুযায়ী ক্রমানুসারে দিতে হবে) যদি থাকে।
জ) গত ১০ বছরের সম্পাদিত সর্বোচ্চ মূল্যমানের চুক্তি বাস্তবায়নের সনদপত্র যদি থাকে।
ঝ) ব্যাংক স্টেটমেন্ট (২০২৫-২০২৬) পর্যন্ত।

**(ফজলে ওয়াহিদ)**
প্রশাসক
বেনাপোল পৌরসভা।

স্মারক নং-বেনা/পৌর/প্রকৌ/০০১/২০২৬-১২৫ (৮) তাং- ১৫/০৭/২০২৬ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য-
১. জেলা প্রশাসক, যশোর।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, বেনাপোল পৌরসভা।
৩. পৌর নির্বাহী কর্মকর্তা, বেনাপোল পৌরসভা।
৪. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড, শার্শা,যশোর।
৫. নোটিশ বোর্ড, বেনাপোল পৌরসভা।
৬. সম্পাদক দৈনিক ................................, ................................, ................................

**(ফজলে ওয়াহিদ)**
প্রশাসক
বেনাপোল পৌরসভা।